



পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা - ৭০০০০১

ই-মেইল : adivasigunijonsambardhana23.24@gmail.com ফোন: ৩৩-২২৩০৮২৩৭

স্মারকলিপি নং ৯২৮৬-বি.সি.ডব্লিউ.টি.ডি

তারিখ : ২২.১২.২০২৩

### বিজ্ঞপ্তি

“সাধু রামচাঁদ মুর্মু, পণ্ডিত রঘুনাথ মুর্মু, লাল শুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানছ স্মৃতি পুরস্কার” : ২০২৩ -২০২৪

আদিবাসী সম্প্রদায়ের গুণিজনদের স্বীকৃতি স্বরূপ ‘সাধু রামচাঁদ মুর্মু, পণ্ডিত রঘুনাথ মুর্মু, লাল শুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানছ স্মৃতি পুরস্কার’ প্রবর্তন করা হয়। বিগত ২০০২ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকার নিরবিচ্ছিন্ন ভাবে এই স্বীকৃতি প্রদান করে আসছেন। বিগত বছরের ন্যায় চলতি বছরেও উপরোক্ত পাঁচটি পুরস্কার প্রদান করার উদ্দেশ্যে আদিবাসী জনগণের মধ্য থেকে গুণী ব্যক্তিদের নাম সুপারিশপত্র আকারে চাওয়া হচ্ছে।

বিবেচ্য ক্ষেত্র ও বিবেচ্য ব্যক্তির যোগ্যতা:-

- ১। সাধু রামচাঁদ মুর্মু স্মৃতি পুরস্কার :- এই পুরস্কার আদিবাসী ভাষায় রচিত সাহিত্য কর্মের উপর প্রদান করা হয়। বিবেচ্য ব্যক্তির সৃষ্ট সাহিত্য কর্মই একমাত্র বিবেচিত হবে। প্রকাশিত গ্রন্থ বা পাণ্ডুলিপির ৩ কপি পাঠাতে হবে।
- ২। পণ্ডিত রঘুনাথ মুর্মু স্মৃতি পুরস্কার :- এই পুরস্কার চারু-কারু-শিল্পের জন্য প্রদান করা হয়। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্প কর্মের নমুনা বা আসল নিদর্শন পাঠাতে হবে।
- ৩। লাল শুকরা ওরাওঁ স্মৃতি পুরস্কার :- শিল্পকলা প্রদর্শন (পারফর্মিং আর্টস) ও উৎকর্ষে বিশেষ অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়। সঙ্গীত, নৃত্য,

*৬০০৮*

নাটক, আবৃত্তি, কথকতা, স্বল্প দৈর্ঘ্যের কাহিনী-চিত্র ইত্যাদি কলাশিল্পে ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্প-কর্মের নমুনা বা আসল ক্যাসেট/সিডি অডিও-ভিডিও রেকর্ড আকারে পাঠাতে হবে।

- ৪। বিরসা মুন্ডা স্মৃতি পুরস্কার:- ক্রীড়া ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের বিষয় বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। নমুনা/সার্টিফিকেট-এর প্রত্যয়িত নকল (৩কপি) পাঠাতে হবে।
- ৫। সিধু কানহু স্মৃতি পুরস্কার:- সমাজকল্যাণ মূলক কাজের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের বিষয় বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। নমুনা/শংসাপত্র-এর প্রত্যয়িত নকল (৩কপি) পাঠাতে হবে।
- # শুধুমাত্র আদিবাসী সম্প্রদায়ের গুণিজনেরাই পাঁচটি পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- # বিবেচ্য ব্যক্তির দুটি সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট মাপের ছবি এবং সাদা কাগজে নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, বর্তমান বয়স, যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে তাঁর অবদান বিষয়ে বিস্তারিত তথ্য দিতে হবে। সুপারিশকারীর নাম ও ঠিকানা সহ সুপারিশপত্র নিম্নলিখিত ঠিকানায় স্বহস্তে/ ডাকযোগে বা ই-মেইলের মাধ্যমে অবশ্যই ০৪/০১/২০২৪ বিকাল ৫টার মধ্যে পৌঁছাতে হবে।

দরখাস্ত সহ সুপারিশপত্র পাঠানোর ঠিকানা -

মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার, পশ্চিমবঙ্গ সরকার।

মিত্র বিল্ডিং (৩য় তল), ৮ নং লায়ন্স রেঞ্জ, কলকাতা - ৭০০ ০০১

দূরভাষ : ০৩৩-২২৩০-৮২৩৭/২২৩০-২২১০

ই-মেইল:- [adivasigunijonsambardhana23.24@gmail.com](mailto:adivasigunijonsambardhana23.24@gmail.com) ফোন নং-৩৩-২২৩০৮২৩৭

অশ্বিনী কুমার যাদব

ড: অশ্বিনী কুমার যাদব  
মহাধ্যক্ষ,

অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার।





## পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার  
৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা-৭০০০০১  
ই-মেইল: [bcw.comm@gmail.com](mailto:bcw.comm@gmail.com) ফোন: ০৩৩-২২৩০৮২৩৭

### বিজ্ঞপ্তি

“আদিবাসী গুণিজন সম্বর্ধনা ২০২৩-২০২৪”

(সোধু রামচাঁদ মুর্মু, পন্ডিত রঘুনাথ মুর্মু, লাল শুকরা ওরাওঁ,  
বীরসা মুন্ডা ও সিধু কানহু স্মৃতি পুরস্কার।)

সুপারিশকারীর নাম ও ঠিকানাসহ সুপারিশপত্র নিম্নলিখিত  
ঠিকানায় অথবা ই-মেইলের মাধ্যমে ০৪/০১/২০২৪ বিকাল  
৫টার মধ্যে পাঠাতে হবে।

যোগাযোগ: টুলু ঘোষদস্তিদার: মোবাইল নং ৯৩৩৯৯০৩৩৮৪  
ঠিকানা- মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন  
অধিকার, পশ্চিমবঙ্গ সরকার, মিত্র বিল্ডিং, ৮ নং লায়ন্স রেঞ্জ  
(৩য় তল), কলকাতা-৭০০০০১ দূরভাষ: ০৩৩-২২৩০-৮২৩৭/  
২২৩০-২২১০ ই-মেইল: [adivasigunijonsambardhana  
23.24@gmail.com](mailto:adivasigunijonsambardhana23.24@gmail.com) ফোন: ০৩৩-২২৩০৮২৩৭

এ বিষয়ে বিশদ বিবরণের জন্য নিম্নলিখিত ওয়েবসাইট দেখুন: [https://  
www.adibasikalyan.gov.in](https://www.adibasikalyan.gov.in)

ড: অশ্বিনী কুমার যাদব

মহাধ্যক্ষ